



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/প্রশা/১৪৭/২০২১/১২১৬

তারিখ: ০১/০৪/২০২১ খ্রি।

বিষয়:- এইচএসসি পরীক্ষা-২০২০ এর অব্যয়িত অর্থ ফেরত প্রদান সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি-২০২০ সালের পরীক্ষার ফরম ফিলাপ বাবদ জমাকৃত অর্থের চেক নিম্নে উল্লেখিত তারিখ অনুযায়ী প্রশাসন শাখার ৪১১নং কক্ষ থেকে বিতরণ করা হবে। শুধুমাত্র সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তাঁর প্রাধিকার প্রাপ্ত কোন শিক্ষককে (স্বাক্ষর সত্যায়িতসহ) কেন্দ্রের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের উক্ত চেক অফিস চলাকালীন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য কাউকে চেক নেয়ার ক্ষমতা প্রদান করা যাবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হলে, আবেদন পত্রে গভর্নিং বর্ডের সভাপতি/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকতে হবে। চেক গ্রহণের পর তাতে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে হিসাব শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

ক্র: নং	এইচএসসি-২০২০ সালের পরীক্ষার ফরম ফিলাপের চেক গ্রহণের তারিখ	জেলা সমূহ
০১	১১/০৪/২০২১, রবিবার	পটুয়াখালী ও পিরোজপুর
০২	১২/০৪/২০২১, সোমবার	ভোলা ও বরগুনা
০৩	১৩/০৪/২০২১, মঙ্গলবার	বরিশাল ও ঝালকাঠী

কলেজ কর্তৃপক্ষ বোর্ডের ওয়েবসাইট (www.barisalboard.gov.bd) ব্যবহার করে Panel Link-এর নিচে Refund Money HSC-2020 নির্ধারিত অংশে ক্লিক করে EIIN ব্যবহার করে তাঁর কলেজের পরীক্ষার্থীদের তালিকা ডাউনলোডের মাধ্যমে প্রিন্ট করে নিবেন। প্রিন্ট কপিতে প্রত্যেক পরীক্ষার্থীর প্রাপ্য খাতওয়ারি টাকার (তথ্যায়িত অর্থ) হিসাব উল্লেখ থাকবে। প্রিন্ট কপিতে উল্লিখিত টাকা তালিকার ডান পার্শ্বে নির্ধারিত কলামে পরীক্ষার্থীর স্বাক্ষর ও মোবাইল নম্বর গ্রহণ পূর্বক প্রদান করতে হবে। সকল অর্থ পরিশোধের পর উক্ত তালিকার মূল কপি এ বোর্ডের ৪র্থ তলায় হিসাব শাখার ৪১০নং কক্ষে জমা দিতে হবে এবং ০১(এক) কপি কলেজের অধ্যক্ষের কার্যালয়ে সংরক্ষণ করবেন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর আ.ফ.ম.বাহরুল আলম (৭০৬৫)

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

০২/০৪/২১

ফোন: ০৪৩১-৬৪৪১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যাদির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ০১। সংশ্লিষ্ট গভর্নিং বর্ডের সভাপতি/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা।
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৪। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৬। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৭। সেকশন অফিসার, প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৮। সংরক্ষণ নথি।